জীবননগরে ১০টাকার বিনিময়ে ছিন্নমূল মানুষের মাঝে ঈদ সামগ্রী বিক্রয়

জীবননগরে ১০ টাকার বিনিময়ে ছিন্নমূল মানুষের মাঝে ঈদ সামগ্রী বিক্রয় । গতকাল শনিবার সকাল ১১টার সময় জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির আয়োজনে উপজেলার কে,ডি,কে ইউনিয়নের আবাসনে বসবাসরত সাধারন মানুষের মাঝে ১০টাকার বিনিময়ে ১ কেজি চাউল,১ কেজি আলু,৫০০গ্রাম চিনি ও ৫০০গ্রাম সেমাই বিক্রয় করা হয়।

জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি মিঠুনর মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মোঃ মাহফুজুর রহমান মনজু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পঃপঃ কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার নিপা,বিশিষ্ঠ ব্যবসায়ী মিকাইল ইসলাম পারুল কে,ডি,কে ইউপি সদস্য আব্বাস আলী,ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার কর্মকর্তা মোঃ কামরুজ্জামান যুদ্ধ,ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা আশরাফুল ইসলাম লিটন,রইচ উদ্দিন,মিরাজ হোসেন,স্বপনা খাতুন, জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সদস্য তুহিনুজ্জামান,লাবনী খাতুন ঐশী ,মেহেদী হাসান প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সদস্য তুহিনুজ্জামান।